

# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৯৬]

পর্ব-২০: তাহাজ্বদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৬৬: যে ব্যক্তি দিবারাতে ফরয ব্যতীত বারো রাক'আত সালাত আদায় করে তার সাওয়াব প্রসঙ্গে এবং উম্মু হাবীবাহ্-এর হাদীস বর্ণনা 'আত্বা-এর ওপর মতানৈক্য

باب ثَوَابِ مَنْ صلَّى فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ ثِنْتَىْ عَشْرَةَ رَكْعَةً سِوَى الْمَكْتُوبَةِ وَذِكْرِ اخْتِلاَفِ النَّاقِلِينَ فِيهِ لِخَبَرِ أُمِّ حَبِيبَةَ فِي ذَلِكَ وَالإِخْتِلاَفِ عَلَى عَطَاءٍ

### আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى، قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْنٍ، قَالَ: حَدَّثَنَا أَبُو يَحْيَى إِسْحَاقُ بْنُ سِلْيْمَانَ الرَّازِيُّ، عَنِ الْمُغِيرَةِ بْنِ زِيَادٍ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ، عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ ثَابَرَ عَلَى اثْنَتَيْ عَشْرَةَ رَكْعَةً بَنَى اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ، أَرْبَعًا قَبْلَ الظُّهْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الظُّهْرِ، وَرَكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِب، وَرَكْعَتَيْن بَعْدَ الْعِشَاءِ، وَرَكْعَتَيْن قَبْلَ الْفَجْر.

تخریج دارالدعوه: انظر ما قبله (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1796 \_ صحيح

#### বাংলা

১৭৯৫. আহমাদ ইবনু ইয়াহইয়া (রহ.) ..... 'আয়িশাহ (রাঃ)-এর সূত্রে নবী (সা.) হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি দিন-রাতে বারো রাক'আত আদায়ে অভ্যন্ত হয়ে যায় আল্লাহ তা'আলা তার জন্যে জান্নাতে একটি ঘর বানিয়ে রাখেন। চার রাকআত যুহরের ফরয সালাতের আগে এবং দু' রাক'আত যুহরের ফরয সালাতের পরে, দু' রাকআত মাগরিবের ফরয সালাতের পরে, দু' রাকআত 'ইশার ফরয সালাতের পরে এবং দু' রাকআত ফজরের ফরয সালাতের আগে।

## **English**



The reward of one who prays twelve rak'ahs apart from the prescribed prayers during the day and night

It was narrated from Aishah that: The Messenger of Allah (ﷺ) said: Whoever persists in praying twelve rak'ahs each day and night, Allah, the Mighty and Sublime, will build for him a house in Paradise: Four before Zuhr and two after Zuhr, two rak'ahs after Maghrib, two rak'ahs after Isha' and two rak'ahs of Fajr.

## ফুটনোট

সহীহঃ তিরমিয়ী ৪১৪, ইবনু মাজাহ ১১৪০, তা'লীকুর রাগীব ১/২০১, সহীহুত তারগীব ৫৭৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন